রেজিঃ উইথ এ/ডি

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
BANGLADESH WATER DEVELOPMENT BOARD

শৃঙ্খলা পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীনরোড, ঢাকা-১২০৫
ফোনঃ ০২২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Directorate of Discipline
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
Phone : 02222230076
dir.discipline.bwdb@gmail.com
Website: www.bwdb.gov.bd

স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩১১.২৫-১২৪

তারিখঃ ০৭-০৬-১৪৩৩বঃ
২২-০৯-২০২৬ খ্রিঃ

বিষয়ঃ চাকরি হতে "বরখাস্ত" (**dismissal from service**) দণ্ড আরোপের লক্ষ্যে কারণ দর্শানো প্রসঙ্গে।

আপনি জনাব মোঃ ইফতেখার আহমেদ দিনার, নির্বাহী প্রকৌশলী হিসেবে গঙ্গা ব্যারেজ সমীক্ষা প্রকল্প দপ্তরে গত ১১/০১/২০১৮ খ্রিঃ তারিখ যোগদান করতঃ মে/২০১৮ পর্যন্ত অফিস করেছেন এবং বেতন-ভাতাদি উত্তোলন করেছেন। কিন্তু, গত জুন/২০১৮ হতে অদ্যাবধি আপনি অফিসে অনুপস্থিত রয়েছেন। আপনার দপ্তর কর্তৃক আপনার ব্যক্তিগত মোবাইল নম্বরে বারবার ফোন করা হলেও কোনো সাড়া পাওয়া যায়নি। আপনার এ দীর্ঘ প্রায় ৭ (সাত) বছর দপ্তরে অননুমোদিত অনুপস্থিতির স্বপক্ষে আপনি আপনার নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষকে কিছুই অবহিত করেননি। এরূপ প্রেক্ষাপটে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ অনুযায়ী শৃঙ্খলা পরিদপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩১১.২৫-৯৪, তারিখ: ১৩/০৫/২০২৫ খ্রিঃ-এর মাধ্যমে আপনার বিরুদ্ধে অভিযোগনামা প্রেরণপূর্বক ১০ (দশ) কার্যদিবসের মধ্যে আত্মপক্ষ সমর্থনে লিখিত বিবৃতি দাখিলের জন্য নির্দেশনা প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে আপনি আত্মপক্ষ সমর্থনের স্বপক্ষে জবাব দাখিল করেন। আপনার দাখিলকৃত জবাবে আপনি শারীরিক ও মানসিকভাবে অসুস্থতার কথা উল্লেখ করেছেন। আপনার দাখিলকৃত জবাব এবং কার্যধারায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য ৩ (তিন) সদস্যবিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হয়। তৎপ্রেক্ষিতে তদন্ত কমিটি অভিযোগ তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন।

২। তদন্ত কমিটির দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক রেকর্ডপত্র পর্যালোচনায় আপনার বিরুদ্ধে অননুমোদিত অনুপস্থিতির অভিযোগ বিভাগীয় তদন্তে প্রতিষ্ঠিত হয়। কিন্তু, আপনার পূর্ণাঙ্গ মেডিকেল রিপোর্ট তদন্ত কমিটির নিকট উপস্থাপিত না হওয়া এবং সাক্ষাৎকার প্রদান না করায় আপনার শারীরিক ও মানসিক সক্ষমতা সম্পর্কে কমিটি নিশ্চিত হতে পারেনি। এ প্রেক্ষিতে তদন্ত কমিটি সরকারি চাকরি আইন, ২০১৮-এর ৪৬ ধারার আলোকে আপনার শারীরিক ও মানসিক সক্ষমতা নিরূপণের জন্য মেডিকেল বোর্ডের মাধ্যমে পরীক্ষা গ্রহণের সুপারিশ করে।

উল্লেখ্য যে, তদন্ত কমিটি কর্তৃক সরকারি চাকরি আইন, ২০১৮-এর ৪৬ নং ধারা অনুসরণপূর্বক আপনার শারীরিক ও মানসিক সক্ষমতা নিরূপণের লক্ষ্যে মেডিকেল বোর্ডের মাধ্যমে পরীক্ষা গ্রহণের সুপারিশ করা হলেও উক্ত ধারায় উল্লেখ আছে যে, "কোনো সরকারি কর্মচারী শারীরিক অথবা মানসিক অসামর্থ্য বা বৈকল্যের কারণে সরকারি কর্ম সম্পাদনে নিজেকে অক্ষম মনে করিলে চাকরি হতে অবসর গ্রহণের আবেদন করিতে পারিবেন।" কিন্তু আপনি এ মর্মে কোনো আবেদন দাখিল করেননি।

৩। তৎপ্রেক্ষিতে, তদন্ত কমিটির দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও অন্যান্য আনুষঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনায় আপনার বিরুদ্ধে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের পূর্বে আপনার শারীরিক ও মানসিক অসুস্থতা সংক্রান্ত দাবির বিষয়ে নিশ্চিত হওয়ার লক্ষ্যে আপনার কর্মস্থলের মাধ্যমে আপনার সাথে যোগাযোগ করে শারীরিক ও মানসিক অসুস্থতা সংক্রান্ত পূর্ণাঙ্গ চিকিৎসা নথি, মেডিকেল রিপোর্ট ও অন্যান্য প্রাসঙ্গিক কাগজপত্র নির্ধারিত সময়ের মধ্যে দাখিলের জন্য নির্দেশনা প্রদান করা হয়। সে অনুযায়ী প্রকল্প পরিচালকের দপ্তর, গঙ্গা ব্যারেজ সমীক্ষা প্রকল্প, বাপাউবো, ঢাকা হতে আপনার যোগদানপত্র, অসুস্থতা সংক্রান্ত মেডিকেল রিপোর্ট ও অন্যান্য প্রাসঙ্গিক কাগজপত্র প্রেরণ করা হয়।

৪। আপনি যোগদানপত্রে উল্লেখ করেছেন যে, আপনি ১৫/০৪/২০০৭ খ্রিঃ তারিখে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডে সহকারী প্রকৌশলী (পুর) পদে যোগদান করেন। বিভিন্ন দপ্তরে যোগ্যতা ও সফলতার সাথে চাকরি করে ২১/০১/২০২০ খ্রিঃ তারিখে গঙ্গা ব্যারেজ সমীক্ষা প্রকল্প দপ্তরে নির্বাহী প্রকৌশলী (পুর) হিসেবে যোগদান করেন। কিন্তু, কর্তৃপক্ষ কর্তৃক আপনার বেতন চালু করার কোনো উদ্যোগ না নেওয়ার কারণে আপনি শারীরিক ও মানসিকভাবে অসুস্থ হয়ে পড়েন, যার ফলে আপনাকে চিকিৎসার মধ্যে দিয়ে যেতে হয়েছে। অবশেষে আপনি গত ২০/০৩/২০২৫ খ্রিঃ তারিখ হতে নিয়মিত অফিস শুরু করেন। পরবর্তীতে আপনার বাবা মারা যাওয়ায় এবং বেতন চালু না হওয়ার কারণে আবারও আপনি শারীরিক ও মানসিকভাবে ভেঙ্গে পড়েন। ফলশ্রুতিতে আপনি চিকিৎসকের শরণাপন্ন হন। অবশেষে গত ০৮/০৮/২০২৬ খ্রিঃ তারিখে চিকিৎসক আপনাকে নিয়মিত কাজ করার উপযুক্ত বলে ঘোষণা দেন। চিকিৎসা সংক্রান্ত কিছু নথি পুরনো হওয়ায় হারিয়ে যাওয়ার কারণে যা বিদ্যমান আছে তাই আপনি সংযুক্ত করেছেন। অতএব, মানবিক দৃষ্টিকোণ থেকে আপনার অসুস্থতার বিষয়টি বিবেচনায় নিয়ে আপনাকে ০৯/০৮/২০২৬ খ্রিঃ তারিখ হতে নির্বাহী প্রকৌশলী (পুর) পদে যোগদানের অনুমতি প্রদানের জন্য আপনি আবেদন করেছেন।

৫। আপনার দাখিলকৃত যোগদানপত্রে উল্লেখিত তথ্য এবং দপ্তরের সংরক্ষিত রেকর্ডপত্র পর্যালোচনায় আপনার বক্তব্যের সঙ্গে কিছু অসামঞ্জস্য পরিলক্ষিত হয়। আপনি আপনার যোগদানপত্রে উল্লেখ করেছেন যে, "বিভিন্ন দপ্তরে যোগ্যতা ও সফলতার সাথে চাকরি করে গত ২১/০১/২০২০ খ্রিঃ তারিখে পুনরায় গঙ্গা ব্যারেজ সমীক্ষা প্রকল্প দপ্তরে নির্বাহী প্রকৌশলী হিসেবে যোগদান করি।" অথচ আপনার বায়োডাটা এবং গঙ্গা ব্যারেজ সমীক্ষা প্রকল্পের সংশ্লিষ্ট তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় যে, আপনি ১১/০১/২০১৮ খ্রিঃ তারিখে গঙ্গা ব্যারেজ সমীক্ষা প্রকল্পে যোগদান করেন এবং মে/২০১৮ পর্যন্ত দাপ্তরিক কার্যক্রমে অংশগ্রহণসহ বেতন-ভাতাদি উত্তোলন করেন। জুন/২০১৮ হতে আপনার নিয়মিত উপস্থিতি এবং বেতন-ভাতাদি উত্তোলনের কোনো রেকর্ড প্রকল্প দপ্তরে পাওয়া যায়নি। যদিও আপনি মাঝে মাঝে দপ্তরে আসতেন বলে সংশ্লিষ্ট তথ্য থেকে প্রতীয়মান হয়। আপনার ব্যক্তিগত মোবাইল নম্বরে যোগাযোগের চেষ্টা করেও সাড়া পাওয়া যায়নি।

অঃপৃঃদ্রঃ

E:\Rashed\Letter\Showcause.docx34

৬। আপনার স্ত্রীর বক্তব্য অনুযায়ী আপনি শারীরিক ও মানসিকভাবে অসুস্থ ছিলেন। ফলে, ২১/০১/২০২০ খ্রিঃ তারিখে পুনরায় গঙ্গা ব্যারেজ সমীক্ষা প্রকল্প দপ্তরে যোগদানের বিষয়ে আপনার দাখিলকৃত বক্তব্য দপ্তরের বিদ্যমান রেকর্ডপত্র দ্বারা সমর্থিত নয়। তদুপরি, দীর্ঘকাল কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণ হিসেবে আপনি সুনির্দিষ্ট ব্যাখ্যা প্রদান না করে চিকিৎসকের সনদ দাখিল করেছেন। দীর্ঘ অনুপস্থিতির জন্য আপনি কোনো মেডিকেল ছুটির আবেদন দাখিল করেছেন মর্মেও দপ্তরের রেকর্ডে পাওয়া যায়নি।

৭। অধিকন্তু, আপনার অননুমোদিত অনুপস্থিতির বিষয়ে গঠিত বিভাগীয় তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে উল্লেখ রয়েছে যে, বিগত ২০/০৩/২০২৫ খ্রিঃ তারিখে আপনি শারীরিক ও মানসিকভাবে সুস্থবোধ করায় গঙ্গা ব্যারেজ সমীক্ষা প্রকল্প দপ্তরে যোগদান করেন। শৃঙ্খলা পরিদপ্তর কর্তৃক প্রেরিত অভিযোগনামার জবাবে আপনি জানান যে, আপনি ২০/০৩/২০২৫ খ্রিঃ হতে নিয়মিত অফিস করছেন। আপনি আপনার জবাবের সাথে একটি মেডিকেল সার্টিফিকেট দাখিল করেন যাতে আপনার পূর্বে মানসিক অসুস্থতা এবং বর্তমানে আপনার সুস্থতার কথা উল্লেখ আছে। কিন্তু, দপ্তরের রেকর্ড মতে আপনি ২০/০৩/২০২৫ খ্রিঃ এ যোগদানের পরও দপ্তরে অনুপস্থিত আছেন। আপনার অনুপস্থিতির স্বপক্ষে কোনো ছুটি গ্রহণেরও তথ্য নেই।

৮। এছাড়াও, তদন্ত প্রতিবেদনের মতামত অংশে উল্লেখ রয়েছে যে, বর্তমান মানসিক সুস্থতার সার্টিফিকেট থাকা এবং স্বশরীরে তদন্ত কমিটির আহ্বায়ক মহোদয়ের দপ্তরে উপস্থিত হয়ে পত্র গ্রহণ করলেও আপনি তদন্ত কমিটির কোনো পত্রের জবাব দাখিল করেননি এবং এ বিষয়ে ফোনেও কোনো যোগাযোগ করেননি।

৯। এমতাবস্থায়, আপনার বিরুদ্ধে দীর্ঘকাল কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকার অভিযোগ বিভাগীয় তদন্তে প্রমাণিত হওয়ায় এবং আপনার দাখিলকৃত জবাব ও পরবর্তীতে উপস্থাপিত চিকিৎসা-সংক্রান্ত কাগজপত্র পর্যালোচনায় দীর্ঘ অনুপস্থিতির বিষয়ে দাখিলকৃত ব্যাখ্যা সন্তোষজনক বিবেচিত না হওয়ায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা, ২০১৩-এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) অনুযায়ী আপনার ওপর বাপাউবো'র চাকরি হতে 'বরখাস্ত' (Dismissal from Service) দণ্ড আরোপের অবতারণা হয়েছে।

১০। অতএব, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা, ২০১৩-এর প্রবিধান ৫২(৫) অনুযায়ী তদন্ত প্রতিবেদনের কপি সংযুক্তকরতঃ এবং একই প্রবিধানমালার প্রবিধান ৫২(৬) অনুযায়ী আপনার ওপর প্রস্তাবিত 'বরখাস্ত' (Dismissal from Service) দণ্ড কেন আরোপ করা হবে না, সে বিষয়ে এই নোটিশ প্রাপ্তির ৭ (সাত) কার্যদিবসের মধ্যে মহাপরিচালক মহোদয় বরাবর লিখিত জবাব দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

১১। এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

সংযুক্তিঃ তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি।

22.৯.2025
(মোঃ আতিকুর রহমান)
পরিচালক
পরিচিতি নম্বরঃ ৬৮০২২৫০০১

প্রাপকঃ

১। জনাব মোঃ ইফতেখার আহমেদ দিনার, নির্বাহী প্রকৌশলী (পুর), গঙ্গা ব্যারেজ সমীক্ষা প্রকল্প, বাপাউবো, ঢাকা।
২। জনাব মোঃ ইফতেখার আহমেদ দিনার, পিতা-মোহাম্মদ নাজিম উদ্দিন, গ্রাম+ডাকঘর-সাতবাড়িয়া, থানা-সুজানগর, জেলা-পাবনা।

কার্যার্থে/জ্ঞাতার্থেঃ

১। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। কারণ দর্শানো নোটিশটি দুইটি বহুল প্রচারিত দৈনিক পত্রিকায় (বাংলা ও ইংরেজি) প্রকাশের ব্যবস্থা গ্রহণপূর্বক অত্র দপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। কারণ দর্শানো নোটিশটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

E:\Rashed\Letter\Showcause.docx35